মেয়ের বিবাহবার্ষিকীতে স্বামী- স্ত্রীর মারামারি, অভিমানে পিতার আত্ন*হ*ত্যা

মেয়ের বিয়ের বিবাহ বার্ষিকীর কেক কাটাকে কেন্দ্র করে স্ত্রীর উপর অভিমান করে রায়হান উদ্দিন (৪৫) নামের এক ব্যক্তি গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করেছেন। ঘটনাটি ঘটেছে জেহালা ইউনিয়নের গড়গড়ি ঘোষপাড়া নামক এলাকা।

এ ঘটনায় আজ শুক্রবার বিকেলে রায়হানের মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য সদর হাসপাতালে প্রেরণ করেছে পুলিশ। নিহত রায়হান উদ্দিন গড়গড়ি ঘোষপাড়ার ইসলামের ছেলে।

পরিবারের সদস্যরা জানান, বৃহস্পতিবার রাতে বড় মেয়ের বিবাহবার্ষিকী উপলক্ষে কেক কাটার আয়োজন করে পরিবারের সদস্যরা। রাতে কেক কাটাকে কেন্দ্র করে রায়হান ও তার স্ত্রী সুলেখার মধ্যে তর্কবিতর্ক ও মারামারির ঘটনা ঘটে। সেই রাতেই স্ত্রী সুলেখা তার বাপের বাড়ি চলে যান। পরের দিন দুপুরে স্বামী আত্মহত্যা করেছেন শুনে আবার ওই রাতেই শ্বশুর বাড়ি চলে আসেন।

স্থানীয়রা জানান, রায়হান বিভিন্ন এনজিও এবং মানুষের কাছে টাকা নিয়ে ঋণগ্রস্থ হয়ে পড়েছিলেন। এ নিয়ে প্রায় সময় তার স্ত্রীর সঙ্গে ঝগড়াঝাটি হতো। একই কারণে আগেও যে কয়েকবার আত্মহত্যার চেষ্টা চালিয়ে ব্যর্থ হয়।

আলমডাঙ্গা থানা পুলিশের পরিদর্শক (ওসি) শেখ গণি মিয়া জানান, তিনি ঋণগ্রস্থ ছিলেন। এতে পারিবারিক কলহের জেরে তার স্ত্রী বাপের বাড়ি চলে যায়। এরই জের ধরে আত্মহত্যা করেছেন বলে প্রাথমিক তদন্তে জানা গেছে। ময়নাতদন্তের প্রতিবেদন আসলে বিস্তারিত জানা যাবে এটা হত্যা নাকি আত্মহত্যা।